

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওয়াহিদুল হোসেন মাসিক মিয়া

জীবননগরে দুই কেন্দ্রে ২ পরীক্ষার্থী, দায়িত্বে ছিলেন ২৬ জন

 জীবননগর (চুয়াডাঙ্গা) সংবাদদাতা  ০৪ নভেম্বর, ২০১৮ ইং ০০:০০ মিঃ

জীবননগরে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষায় দু'টি কেন্দ্রে বাংলা ২য় পত্র বিষয়ে পরীক্ষার্থী ছিল মাত্র একজন করে। আর পরীক্ষা উপলক্ষে ওই দু'টি কেন্দ্রে দায়িত্ব পালন করেছেন ২৬ জন। শনিবার উপজেলার উখলী মাধ্যমিক বালিকা বিদ্যালয় কেন্দ্রে আব্দুল্লাহ আল শেহান এবং মনোহরপুর মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে মো. ইব্রাহিম পরীক্ষায় অংশ নেয়।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, ওই দুই পরীক্ষাকেন্দ্রে শনিবার পরীক্ষার্থীর সংখ্যা একজন করে হলেও এর জন্য প্রতি কেন্দ্রে দায়িত্বে ছিলেন- ইউএনওর প্রতিনিধি হিসেবে একজন সরকারি কর্মকর্তা, কেন্দ্রসচিব ও হল সুপারসহ পাঁচ জন শিক্ষক, কক্ষ পরিদর্শক দু'জন, একজন চিকিৎসক, দু'জন পুলিশ এবং চতুর্থ শ্রেণির কর্মচারী দু'জন। এছাড়া অন্যান্য দিনের মতো পরীক্ষা চলাকালে দুই কেন্দ্রের আশপাশে ১৪৪ ধারা জারি করা হয়।

এ ব্যাপারে জানতে চাইলে কেন্দ্র সচিব ও উখলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. লুৎফর রহমান বলেন, পরীক্ষার্থী মাত্র একজন হলেও আয়োজন ছিল পুরোপুরি। দায়িত্বে কোনো কমতি রাখা হয়নি। যার যার দায়িত্ব সবাইকে পালন করতে হয়েছে।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত